বক্তা ১:
সামনের দিকে দ্যাখার ক্ষেত্রে এখানে সর্বদাই এই চ্যালেঞ্জটি ছিল আর বর্তমানের এই মুহূর্তে বেঁচে থাকার মাঝে।

বক্তা ২:
আমি মনে করি মূল কথা হলো উপযোগীকরণ। বর্তমানে যে অবস্হা চলছে সেই পরিস্থিতির সাথে আপনি যদি খাপ খাইয়ে নিতে না পারেন তবে আপনাকে একটি কঠিন সময়ের মুখামুখি হতে হবে।

বক্তা ৩: আপনি কেন কেনাডায় স্হায়ীভাবে বসবাসের জন্য যাচ্ছেন না?

বক্তা ৪:
ক্যানাডাও সমস্যার মাঝে আছে। তবে পূর্ব কানাডা সমস্যার বাহিরে।

বক্তা ৩:
ক্যানাডায় বসবাস করার জন্য আমিই চলে যেতাম যদি আমি আরও ছোট থাকতাম। এমনকি মেইনও এখন তাদের নিজস্ব সমস্যা আছে।

বক্তা ৫:
আপনি হয় এখনই কোন পরিবর্তন নিয়ে আসুন নয়তো এটা নিয়ে আর মাথাই ঘামাবেন না। অথবা আপনি এইভাবেই চালিয়ে যান যেভাবে আমরা জানি যে আরও গরম বাড়বে এবং গরমের থেকে আরও গরম বেড়ে চলবে। এটাকেই মেনে চলতে হবে।

বক্তা ৬:
আমার জীবনে মাত্রাতিরিক্তভাবে পরিবর্তন আনার কোনো কারণ আমি দেখিনা। হয়তোবা এমনটি আমি মনে করছি কারন আবহাওয়া সম্পর্কে আমার জীবনে এমন কোন মুহূর্ত আসেনি। কিন্তু এটা এমন যে…এটাকে কী বলা হয়? মনে করতে পারছিনা ঐ জিনিসটাকে কি বলা হয়? প্রবাদ বাক্যের মত একটি হাঁড়ির মাঝে ব্যাঙ। মানে একটি পরিস্থিতি ধীরে ধীরে খারাপ হতে থাকে, যারা এর মাঝে থাকে তারা বুঝতে পারে না যে তাদের উপর কতটা প্রভাব ফেলতে পারে যতক্ষণ না অনেক দেরি হয়ে যায়।

বক্তা ৭:
আমি এখনও জীবন যাপন করতে সক্ষম আছি। আমি মনে করি এটি শুধুমাত্র আবহাওয়া পরিবর্তনের বিষয় নয়।

বক্তা ৩:
আপনি হয়তো অসহায় বোধ করছেন এবং -- ব্যক্তিগত পর্যায়ে এখানে আমি অনুভব করি যে আমি এই বিষয়ে যথেষ্ট কিছু করছি না এবং আমি প্রয়োজন মোতাবেক কোন কিছুতে নিজেকেও জড়িত করছিনা। আমি মনে করি জীবনটা খুব সামান্যই …..দিয়ে ভরে আছে।আমি বুঝতে পারিনা লোকেরা কীভাবে সময় খুঁজে পায় না এবং আমি মনে করি এটি একটি ফালতু অজুহাত ছাড়া আর কিছুনা। কিন্তু আমি মনে করি... নিজের বাচ্চাকে ডে-কেয়ারে আনা নেওয়া করা এবং আমি যে শিল্পের প্রতি অগ্রহী সেই শিল্পে কাজ করার চেষ্টা করা এবং বেঁচে থাকার জন্য অর্থ উপার্জন করার চেষ্টা করা এবং নিজের রাতের খাবার রান্না করার চেষ্টা করার মাঝে আমার নিজের জন্য খুবই কম সময় বেঁচে থাকে, যাইহোক, এর মাঝে সত্যিকার অর্থে রাজনৈতিতে নিজে জড়িত করেও খুবই সামান্য পরিবর্তন আনা সম্ভব।

বক্তা ৮:

ভবিষ্যতে আমি একটি খামার কেনার কথা ভাবেছি। আমি যখন এই বিষয়টাকে বিবেচনা করেছিলাম তখন আমার মনে আছে, আমি চিন্তা করেছিলাম, "এখন থেকে কয়েক বছরের মধ্যে আবহাওয়ার কীধরনের পরিবর্তন আসবে?"  উদাহরণ স্বরূপ, আবহাওয়া যেভাবে পরিবর্তিত হয়ে চলেছে তা বিবেচনা করে আমার মনে এসেছে ভবিষ্যতে আপস্টেট নিউইয়র্ক এ কি খামার শুরু করার জন্য ভালো জায়গা হবে? আমি কি সেখানে বেশী টমেটো দেখতে পাবো, নাকি বেশী বজ্রপাত দেখবো, নাকি আমাকে অনেক বেশী বন্যা দেখতে হবে? এই বিষয়গুলো বিবেচনা করার বিষয়। ভবিষ্যতে আমি একটি খামার গড়ে তুললে, আমি এমন একটি জায়গায় তা করতে চাই যেখানকার আবহাওয়ার হবে স্থিতিশীল। আর হ্যাঁ, আমি এমন কোন স্হান খামারের জন্য বাছাই করতে চাই না যা শীঘ্রই ধ্বংস হয়ে যাবে।

বক্তা ৯:
৮০র দশক থেকেই, আমি আমার বাসার গ্যাস তিন থেকে চার মাসের জন্যে বন্ধ করে আসছি। আমি এই প্রক্রিয়াটি করে আসছি বেঁচে থাকার শিক্ষা হিসাবে । লোকেরা হয়তো বলবে কিছু একটা ঘটতে যাচ্ছে এবং আমাদের বাঁচার জন্য শিখতে হবে।

বক্তা ৪:
তাহলে আপনি এটা করে আসছেন অনুশীলন করতে?

বক্তা ৪:
হ্যাঁ, অনুশীলন করছি। বেঁচে থাকার জন্য প্রস্তুতির অনুশীলন করুন।

বক্তা ১০:
যা হবার তাতো হয়েই থাকবে। আমাদের ভাগ্যে যদি এমনটা লেখা থাকে তবে আমরা এটির মুখোমুখি হবোই। কিন্তু সেই সময় পর্যন্ত আমাদের অপেক্ষা করা উচিত হবে না।আমাদের উচিত, এটির উপর কাজ করা আমাদের নিজেদের এবং আমাদের পরবর্তী প্রজন্মের সুরক্ষার জন্য।

বক্তা ১১:
আমি বিশ্বাস করি নিউইয়র্কে বসবাসকারীরা এখন যে বাগান করছেন তা ভবিষ্যতে আমাদের নিরাপদের সাথে রক্ষা করবে কারণ আমরা এই কৃষি কাজ চালিয়ে যাব। আমরা উৎপাদন করাও চালিয়ে যাব।

বক্তা ৪:
বাগানে কি করে গাছ উৎপাদন করতে হবে এবং তা কিভাবে যত্ন নিতে হবে- এই শিক্ষার মূল্যটা কি?

বক্তা ১২:
আপনি হয়তো আপনার জীবনদশায় আগে কখনও বাড়ির আঙিনায় এত বাগান করা দ্যাখতে পাননি। আপনি যা দেখতে পাচ্ছেন তা কেবল মোহামারী কারনে হচ্ছে।

বক্তা ৪:
এটা কি বিষয়ে?

বক্তা ১২:
এটা কি বিষয়ে? এটি বেঁচে থাকার বিষয়ে এবং কীভাবে বাঁচতে হবে, সেই জ্ঞান সম্পর্কে... আপনি হেঁটে গলির কর্নারের দোকানে যাবারও বহু আগে আপনার পূর্বপুরুষরা যেভাবে বেঁচেছিল এবং গ্রোসারীর দোকানে যাবারও আগে। বাঁচার জন্য নিজেকে মজবুত করেনিন। নিজের এবং নিজের পরিবারের যত্ন নিতে নিজেকে তৈরী করুন। যদি কিছু ঘটে আর গ্রোসারীর শেলফে যদি কিছুই না থাকে তবে আপনি

কিছুই করতে পারবেন না। বীজ সংরক্ষণ করতে শিখুন, আর এইভাবে আপনি সাময়িকভাবে আপনার জীবনের ছোট ছোট প্রয়োজনগুলো মেটাতে পারবেন। আপনি যে কোনও জায়গায় খাদ্য উৎপাদন করতে পারবেন।

বক্তা ১৩:
বাড়িতে হাতের কাছে ব্যাটারি, এবং বোতলের পানি, এবং শুকনো খাবার, এবং টিনজাত খাবার, এবং এমন জিনিস রাখা শুরু করুন যা আমাদের গরম করতে হবে না বা এর জন্য বিদ্যুৎও ব্যবহার করতে হবে না ।

বক্তা ১৪:
বেন সব সময় এই বিষয়ে রসিকতা করে থাকে। সে যেভাবে বলে থাকে আর কি, "আমারতো মনে হচ্ছে, আমাদের উত্তরের দিকেই বসবাসের জন্য যেতে হবে।" আমি জানিনা এর মানে কি, কিন্তু আমি বাস্তবতাকে বোঝাতে চাচ্ছি।

বক্তা ৪:
উত্তরাধিকারসূত্রে আপনি এমন কিছু পেয়েছেন ভাবতে আপনার কেমন লাগছে…

বক্তা ১৫:
এটা হতাশাজনক। আপনারা প্রথমেই কেন এটির যত্ন নিতে পারছেন না? আপনাদের সবাইকে বা কেন যেতে হবে এবং এটিকে কেন এত খারাপ করতে হবে? আমি মোটামুটি নিশ্চিত যে, যখন এই সব কিছুই ছিলনা তখন সবকিছুই তৈরী করা হতো ঘাস এবং গাছপালা এবং এই জাতীয় উপাদান দিয়ে। মোটামুটি নিশ্চিয়তার সাথে আমি বলতে পারি যে আমরা আগে সত্যিকার অর্থে ভালোভাবে বাস করতাম। আমি মোটামুটি নিশচয়তার সাথে বলতে পারি আগে বরফের ক্যাপগুলি, বরফের টুকরাগুলো এবং এর মতো জিনিসগুলো সম্পূর্ণরূপে অক্ষত ছিল।পোলার ভাল্লুকগুলো মোটা ছিল। আমি মোটামুটি নিশ্চিত যে তখনকার জীবনটা ভাল ছিল, কিন্তু এখন আর তা নেই। এখন আমরা জানি না কিভাবে এর সমাধান করবো। হয়তো শুধুমাত্র আমিই জানি না। বাহিরে হয়তোবা কেউ না কেউ জানে, কিন্তু যে জানে তার কথা বলার দরকার যাতে আমরা এই সঙ্কটাবস্হাকে ঠিক করতে পারি।

বক্তা ১৬:
আমি মনে করি বিজ্ঞানীরা আবহাওয়ার এই পরিবর্তন প্রক্রিয়াটিকে উল্টিয়ে দেবার জন্য অথবা এইটা যে অবস্হায় আছে সেখানেই এটা থামার জন্য কিছু উদ্ভাবন করতে পারেন।

বক্তা ১৭:
অথবা আমরা হয়তো সাদা রঙের জিনিস আরও তৈরী করতে পারি, এছাড়া আমরা আরও বৈদ্যুতিক গাড়িও নিতে পারি।

বক্তা ১:
ভবিষ্যতে শহুরে খামারগুলি অনেক বেশি গুরুত্বপূর্ণ হয়ে পড়বে কারণ আমরা শহরের পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাঝে আটকে পড়েছি, এবং এটি অনেক বড়। পরপর দুই সপ্তাহ বা দুই সপ্তাহের ব্যবধানে  হারিকেন হেনরি এবং হারিকেন আইড্যা সহ আট ইঞ্চি পরিমান বৃষ্টির কারনে, আপস্টেটের খামারগুলি সেই আট ইঞ্চি বৃষ্টির পানিতে ডুবে  গিয়েছিল। এই অবস্হায় আমাদের জন্য শহরে বন্যা তৈরী হয়নি কারণ আমাদের গাছপালাগুলো যা ধারণ করতে পারেনা এমন কিছুই সাধারনত পয়ঃনিষ্কাশন ব্যবস্থায় চলে যায়।

বক্তা ১৮:
আর এই কারনেই আমি এইটা হতে দিয়েছি। আমরা যত সময় থেকে একখানে আছি সেই সময় থেকে পাখি, পোকামাকড় এবং অন্যান্য ছোটখাটো ভয়ঙ্কর জিনিসগুলিও এখানে ছিল এবং এখানে এইগুলো থাকার দরকার।আমরা যদি এমন হয়ে উঠতে থাকি... এদের সাথে সহযোগিতা করার পরিবর্তে বরং তাদের উপর আমরা কর্তৃত্ব করার চেষ্টা করি, তাহলে আমরা নিজেদেরকে এমন একটি কূপের মাঝে খুঁজে পাব যেখানে কোন পানি থাকবেনা।

বক্তা ১৯:
আচ্ছা, এবং যেমনটি আপনি জানেন, ব্রুকলিন বোটানিক্যাল গার্ডেন এখনও লড়াই করে যাচ্ছে ফ্লাইটের আলোর জন্য বা অন্য কিছুর জন্য, কারণ সেখানে এক আহাম্মক একটি বিল্ডিং বানাতে চাচ্ছে, এবং সে সেখানে একটি ২০ তলার বিল্ডিং তৈরী করতে চাচ্ছে...

বক্তা ৪:
এটি খুবই অপ্রীতিকর

বক্তা ১৯:
... এটাতো তাহলে ১০০ বছরের পুরানো, ২০০ বছরের পুরানো গিংক্কো গাছগুলোকে মেরে ফেলবে? আপনি কি পাগল হয়ে গিয়েছেন নাকি? আপনি কি বুঝাতে চাচ্ছেন মানুষের এটার কোন প্রয়োজন নেই বলে? অবশ্যই তাদের এটির প্রয়োজন আছে।

বক্তা ১১:
বৃষ্টি আসছে। আপনার মাকে বলবেন এই শশা হতে বীচি রাখার জন্য। যাতে সামনের বছরে আমরা আবার শশা লাগাতে পারি। সামনের বছরের জন্য কিছু বীচি বাঁচিয়ে রাখবেন। ঠিক আছে? ধন্যবাদ।